গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
আইসিটি সেল

অধিদপ্তরের ইনোভেশন টিমের ২০২২-২০২৩ অর্থবছরের ১ম সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | মিনা মাসুদ উজ্জামান<br>অতিরিক্ত মহাপরিদর্শক (যুগ্মসচিব) |
| সভার তারিখ | ১৬/০৮/২০২২ খ্রিঃ। |
| সভার সময় | বেলা ১.০০ টা। |
| স্থান | অতিরিক্ত মহাপরিদর্শকের কক্ষ, প্রধান কার্যালয়, ঢাকা। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক। |

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর, আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | সেবা সহজীকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন। | সভায় অধিদপ্তরের সিটিজেন্স চার্টারভুক্ত সেবা 'ঠিকাদার সংস্থার (outsourcing) রেজিস্ট্রিকরণ ও লাইসেন্স প্রদান, নবায়ন এবং সংশোধন'-কে সেবা সহজীকরণ এবং/অথবা ডিজিটাইজেশনের আওতায় আনার প্রস্তাব সর্বসম্মতভাবে গৃহীত হয়। | ১।প্রধান কার্যালয়ের সাধারণ শাখা, লিমা সফটওয়্যার ডেভেলপার টিম এবং প্রধান কার্যালয়ের কারিগরি বিষয়ে অভিজ্ঞ কর্মকর্তাদের সমন্বয়ে একটি ওয়ার্কশপ আয়োজন করে বিদ্যমান প্রসেস এর ফ্লো-চার্ট এবং প্রস্তাবিত প্রসেস ফ্লো-চার্ট সেপ্টেম্বর, ২০২২ এর মধ্যে প্রণয়ন করতে হবে।<br>২। ফ্লো-চার্ট প্রণয়নের দুই মাসের ভেতর একটি সিস্টেম ডেভেলপ করে পরীক্ষামূলক ভাবে অনলাইনে যেতে হবে। | ১।প্রধান কার্যালয়ের আইসিটি সেল ও সাধারণ শাখা;<br>২। প্রধান কার্যালয়ের লিমা সাপোর্ট টিম। |
| ০২ | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুতকরণ। | সদস্য সচিব সভাকে জানান এই ডাটাবেজটি মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রদত্ত ছক অনুযায়ী তৈরি করতে হবে। | ১। মন্ত্রণালয়ের সাথে যোগাযোগপূর্বক ডাটাবেজের ছক সংগ্রহ করতে হবে এবং কর্মপরিকল্পনায় বর্ণিত সময়সীমার মাঝে ডাটাবেজ তৈরি করতে হবে। | ১। প্রধান কার্যালয়ের আইসিটি সেল। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালুকরণ। | সভাপতি ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সম্পর্কে জানতে চান। সেবাগুলো চালু আছে কিনা সে সম্পর্কেও তিনি জানতে চান। জবাবে সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, দুই-একটি বাদে সকল সেবা চালু আছে। তবে কমব্যবহৃত সেবাসমূহের পূর্ণ ব্যবহার নিশ্চিত করতে সিস্টেমে আরও কিছু পরিবর্তন আনতে হবে। | ১। চালু নয় এমন উদ্ভাবনী উদ্যোগের তালিকা করতে হবে এবং সেগুলো রি-ডিজাইনের মাধ্যমে চালু করার জন্য পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। প্রধান কার্যালয়ের আইসিটি সেল। |
| ০৪ | ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়। | সভাপতি কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ সম্পর্কে জানতে চান। সদস্য সচিব সভাকে অবহিত করেন চলতি অর্থ বছর এ খাতে ০৯ লক্ষ টাকা বরাদ্দ দেওয়া হয়েছে। তিনি আরও বলেন ‘ঠিকাদার সংস্থার (outsourcing) রেজিস্ট্রিকরণ ও লাইসেন্স প্রদান, নবায়ন এবং সংশোধন’- সেবাটি ডিজিটাইজ করতে বিদেশি সহায়তার (জিআইজেড) আশ্বাস পাওয়া গেছে। তাই বরাদ্দকৃত অর্থ কীভাবে ব্যয় হবে সে বিষয়ে সভাপতির দিকনির্দেশনা চাওয়া হয়। সভাপতি বলেন প্রত্যেক মাঠ পর্যায়ের কার্যালয় হতে উদ্ভাবনী ধারণা আহ্বান করতে হবে, উক্ত ধারণা যাচাই বাছাই করে প্রয়োজনীয় ক্ষেত্রে পাইলটিং করতে হবে এবং ধারণা বাস্তবায়নের জন্য অর্থ ব্যয় করতে হবে। এছাড়াও কর্মপরিকল্পনায় উল্লেখিত কর্মশালা, প্রশিক্ষণ, উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের মাধ্যমে সকল আর্থিক বিধিবিধান মেনে বরাদ্দকৃত অর্থ ব্যয় করতে হবে। টিমের সদস্য জনাব মোঃ আবুল হাজ্জাত সোহাগ প্রস্তাব করেন ভাল মানের উদ্ভাবনী ধারণা প্রদানের জন্য আর্থিক পুরস্কার দেওয়া যেতে পারে। তিনি আরও বলেন প্রশিক্ষন/ ওয়ার্কশপে ব্যাগ, পেনড্রাইভ ইত্যাদি দেওয়া যেতে পারে। | ১।উদ্ভাবনী ধারণা আহ্বান করে সকল কার্যালয়ে পত্র প্রেরণ করতে হবে।<br>২। ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নে আয়োজিত ওয়ার্কশপ/সেমিনার/প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের আর্থিক বিধিবিধানের সাথে সঙ্গতি রেখে প্রশিক্ষণ উপকরণ প্রদান করতে হবে। | ১।প্রধান কার্যালয়ের আইসিটি সেল;<br>২। প্রধান কার্যালয়ের ইনোভেশন টিম |
| ০৫ | ই-নথির ব্যবহার বৃদ্ধি। | সভাপতি আর্থিক বিষয় সংক্রান্ত নথিসমূহের ই-নথির পাশাপাশি হার্ডফাইল সংরক্ষণের গুরুত্ব তুলে ধরেন। এছাড়াও ই-নথি ব্যবহারে এই অধিদপ্তর ভাল করছে বলেও তিনি মন্তব্য করেন। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্মপরিকল্পন া প্রণয়ন। | সদস্য সচিব এ বিষয়ে বিশেষজ্ঞ সহায়তা নেওয়া যায় বলে প্রস্তাব করেন। সভাপতি বিশেষজ্ঞের সহায়তা নেওয়া যায় বলে মতামত দেন। টিমের সদস্য জনাব মোঃ আবুল হাজ্জাত সোহাগ বলেন কাজটি যেহেতু নীতিনির্ধারণী সেক্ষেত্রে এটি মন্ত্রণালয়ের হওয়া উচিত। সভাপতি বলেন আইন সংশোধনের যে চলমান প্রক্রিয়া আছে তাতে ৪র্থ শিল্প বিপ্লব, ডিজিটাইজেশন ইত্যাদির বিষয়গুলো সংশ্লিষ্ট ধারা/বিধিতে সন্নিবেশ করা যেতে পারে। কারখানা/প্রতিষ্ঠানে সংরক্ষিত শ্রম আইন সংশ্লিষ্ট রেজিস্টার সমূহ ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষণ করার বিধান আইনে রাখা যায় বলে সভাপতি মতামত দেন। সদস্য সচিব এ বিষয়ে মন্ত্রণালয়ের সিস্টেম এনালিস্ট এর সাথে পরামর্শ করার প্রস্তাব করেন এবং সভাপতি এতে সায় দেন। | ১। সেপ্টেম্বর, ২০২২ মাসে একটি কর্মশালা আয়োজন করতে হবে। | ১। প্রধান কার্যালয়ের ইনোভেশন টিম। |
| ০৭ | ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয় ভিত্তিক কর্মশালা আয়োজন। | নোভেশন টিমের সদস্য জনাব প্রতিষ্ঠা বড়ুয়া বলেন ‘ঠিকাদার সংস্থার (outsourcing) রেজিস্ট্রিকরণ ও লাইসেন্স প্রদান, নবায়ন এবং সংশোধন’ সেবাটি ডিজিটাইজেশনের লক্ষ্যে একটি কর্মশালা করা যেতে পারে। সভাপতি উক্ত কর্মশালাকে কর্মপরিকল্পনায় উল্লেখকৃত ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয় ভিত্তিক কর্মশালা হিসেবে অভিহিত করেন। | ১। সেপ্টেম্বর, ২০২২ মাসে একটি কর্মশালা আয়োজন করতে হবে। | ১। প্রধান কার্যালয়ের ইনোভেশন টিম। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ। | তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করা হয় কিনা সে বিষয়ে সভাপতি জানতে চান। জবাবে টিমের সদস্য জনাব মোঃ আবুল হাজ্জাত সোহাগ বলেন অধিদপ্তরের তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করা হয়, তবে কাজটি সর্বদা চলমান। সভাপতি বলেন অধিদপ্তরের মাঠপর্যায়ের তথ্য বাতায়ন সমূহ হালনাগাদের কাজটিও গুরুত্বপূর্ণ। সদস্য সচিব উল্লেখ করেন প্রতিটি মাঠ পর্যায়ের কার্যালয়ের নিজস্ব ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা রয়েছে যার অধীন তথ্য বাতায়ন হালনাগাদের কাজটি করা হয়ে থাকে। সদস্য জনাব প্রতিষ্ঠা বড়ুয়া বলেন প্রধান কার্যালয়ের বিভিন্ন শাখা থেকে প্রয়োজনীয় চিঠিপত্রের অনুলিপি আইসিটি সেলকে সবসময় দেওয়া হয়না যার কারণে তথ্য বাতায়ন হালনাগাদের কাজটি সঠিক সময়ে করা যায় না। | ১।মাঠ পর্যায়ের কার্যালয়গুলোকে সুনির্দিষ্ট বিষয় উল্লেখ করে তথ্যবাতায়ন হালনাগাদ করতে একটি তাগাদাপত্র প্রেরণ করতে হবে।<br>২। তথ্য বাতায়নে প্রকাশযোগ্য এবং তথ্য বাতায়ন হালনাগাদের সাথে সম্পর্কিত সকল চিঠিপত্র/ আদেশ/প্রজ্ঞাপন/নোটিশ/ যোগদানপত্র ইত্যাদির অনুলিপিতে বাধ্যগত ভাবে আইসিটি সেলকে রাখার জন্য একটি অফিস আদেশ জারি করতে হবে। | ১।প্রধান কার্যালয়ের আইসিটি সেল;<br>২। প্রধান কার্যালয়ের আইসিটি সেল। |
| ০৯ | কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন। | সদস্য সচিব প্রতিটি মাঠ পর্যায়ের কার্যালয়ে ই-গভর্ন্যান্স ও ইনোভেশন ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করতে হবে বলে জানান। সভায় অনলাইনে প্রশিক্ষণ আয়োজনের পক্ষে মত দেওয়া হয়। | ১। আগস্ট, ২০২২ মাসে কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত একটি প্রশিক্ষণ অনলাইনে আয়োজন করতে হবে। | ১। প্রধান কার্যালয়ের ইনোভেশন টিম। |
| ১০ | দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন। | সভাপতি এই কার্যক্রমটি বর্তমানে বন্ধ আছে কিনা জানতে চান। সদস্য জনাব প্রতিষ্ঠা বড়ুয়া বলেন বিদেশে উদ্যোগ পরিদর্শন বন্ধ থাকলেও দেশে করা যেতে পারে। সভাপতি দেশের ভেতর তথ্যপ্রযুক্তি সংক্রান্ত কোন উদ্যোগ বেছে নেওয়ার নির্দেশ দেন। এছাড়াও তিনি বাংলাদেশের উত্তরাঞ্চলে তুষ থেকে সিলিকা প্রস্তুতের কারখানা পরিদর্শনের প্রস্তাব করেন এবং এ বিষয়ে খোঁজখবর নেওয়ার নির্দেশনা দেন। অর্থ সংকুলান হলে এ ধরণের ২টি পরিদর্শন করা যেতে পারে সদস্য জনাব মোঃ আবুল হাজ্জাত সোহাগ অভিমত দেন এবং সভাপতি এতে সায় প্রদান করেন। | ১। সিলিকা প্রস্তুতকারী কারখানা সম্পর্কে তথ্য সংগ্রহ করে তা পরিদর্শনের জন্য কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১। প্রধান কার্যালয়ের ইনোভেশন টিম |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | বিবিধ | অধিদপ্তরের ইনোভেশন টিমের সদস্য জনাব সিকদার মোঃ তৌহিদুল হাসান ১ সেপ্টেম্বর, ২০২২ থেকে লিয়েনে আইএলও-তে কর্মরত থাকবেন বলে তার স্থলে নতুন সদস্য নেওয়ার জন্য সদস্য জনাব মোঃ আবুল হাজ্জাত সোহাগ প্রস্তাব করেন। সভাপতি অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সেইফটি শাখায় কর্মরত সহকারি মহাপরিদর্শক (সেফটি) জনাব মোঃ আব্দুল আওয়ালের নাম অনুমোদন করেন। | ১। জনাব মোঃ আব্দুল আওয়াল, সহকারী মহাপরিদর্শক (সেফটি)-কে অধিদপ্তরের ইনোভেশন টিম এ সদস্য করে নতুন অফিস আদেশ জারির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। প্রধান কার্যালয়ের প্রশাসন ও উন্নয়ন শাখা। |

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মিনা মাসুদ উজ্জামান
অতিরিক্ত মহাপরিদর্শক (যুগ্মসচিব)

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.১০১.৯৯.০০৮.২০.৫৫

তারিখ: ৯ ভাদ্র ১৪২৯
২৪ আগস্ট ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
২) মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৩) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৪) যুগ্মসচিব (সংযুক্ত), ই-গভর্নেন্স অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
৫) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৬) যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন/সাধারণ/সেফটি/স্বাস্থ্য), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়
৭) উপমহাপরিদর্শক (প্রশাসন/সাধারণ/সেফটি/স্বাস্থ্য), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়
৮) সহকারী মহাপরিদর্শক (সেইফটি), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৯) সহকারী মহাপরিদর্শক (সাধারণ) , প্রশাসন ও উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
১০) সহকারী মহাপরিদর্শক (সেফটি), সেফটি শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
১১) শ্রম পরিদর্শক (স্বাস্থ্য), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
১২) শ্রম পরিদর্শক (সাধারণ), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

সাব্বির আনোয়ার
শ্রম পরিদর্শক (সাধারণ)